**একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ
e-mail: dmss@dgfood.gov.bd
website: www.dgfood.gov.bd

স্মারক নং ১৩.০১.০০০০.১০০.০৬.০০১.১৭.৪

তারিখ: ৫ ভাদ্র ১৪২৭
২০ আগস্ট ২০২০

# পরিপত্র

বিষয়: **সরকারি গুদাম হতে বিতরণকৃত বস্তায় খাতভিত্তিক "বিতরণকৃত" স্টেনসিল মার্ক প্রদান এবং এ সংক্রান্ত প্রয়োজনীয় সরঞ্জামাদি, রং ক্রয় এবং শ্রমিক মজুরি পরিশোধ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বর্তমানে খাদ্য বিভাগের মাঠপর্যায়ে এলএসডি/সিএসডি হতে খাদ্য অধিদপ্তরের গত ১০.০২.২০২০খ্রি. তারিখের ৭০নং পরিপত্র অনুযায়ী পিএফডিএস খাতে টিআর, কাবিখা, ভিজিডি, ভিজিএফ, জিআর, ইপি-ওপিসহ বিভিন্ন খাতে খাদ্যশস্য বিতরণকালে বিলিকৃত বস্তার গায়ে **'বিতরণকৃত'** স্টেনসিল মার্ক প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছিল। এছাড়া খাদ্য অধিদপ্তর হতে গত ০৬/০৮/২০২০খ্রি. তারিখের ৫৯৭নং স্মারকে সরকারি খাদ্য গুদাম হতে ডি.ও মূলে ডিলারকে চাল সরবরাহ দেওয়ার পূর্বে বস্তার গায়ে খাদ্যবান্ধব কর্মসূচির জন্য বিতরণকৃত সিলমোহর প্রদান নিশ্চিত করার বিষয়ে মাঠপর্যায়ে পত্র প্রদান করা হয়েছে। এক্ষণে বিতরণকৃত খাদ্যশস্যের বস্তা দেখে সহজে বিতরণের খাত ও সময়কাল চিহ্নিত করার জন্য **'বিতরণকৃত'** সিলে **খাতের নাম** ও **সাল** সংযোজন করার প্রয়োজনীয়তা দেখা দিয়েছে।

এমতাবস্থায়, **"বিতরণকৃত"** স্টেনসিল মার্ক তৈরির সরঞ্জামাদি-সিল, রং, ট্রে, সাদা গাম (Acrylate Polymer), ফোম, ব্রাশ ইত্যাদি ক্রয়ের প্রয়োজনীয় অর্থ বরাদ্দ এবং বর্ণিত কাজের শ্রমিক মজুরি পরিশোধ সম্পর্কিত নিম্নোক্ত নির্দেশনা অবিলম্বে অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হলো:

(১) গুদাম থেকে খাদ্যশস্য সরবরাহ দেওয়ার প্রাক্কালে প্রতিটি বস্তার গায়ে নমুনা অনুযায়ী খাতভিত্তিক অমোচনীয় লাল রংয়ের "বিতরণকৃত" স্টেনসিল মার্ক প্রদান করতে হবে; স্টেনসিলটি অবশ্যই কম্পিউটার কম্পোজ করতে হবে; কোন অবস্থাতেই অমোচনীয় রং ব্যতিত অন্য কোন রং ব্যবহার করা যাবে না;

(২) স্টেনসিলটি হাতলওয়ালা কাঠের ফ্রেম (৮.২৫ ইঞ্চি X ৪.২৫ ইঞ্চি) ও রাবার স্ট্যাম্পে (৮ ইঞ্চি X ৪ ইঞ্চি) দ্বারা তৈরি করতে হবে; কোন অবস্থাতেই এ পরিমাপের চেয়ে ছোট করা যাবে না;

(৩) ১/২ লিটার রেড হান্ড্রেড রংয়ের সাথে ২ লিটার ফ্লেক্সো থিনার মিশিয়ে লাল কালি/রংয়ের মিশ্রণ তৈরি করতে হবে এবং ট্রে'র মধ্যে রাখা ফোমে রংয়ের মিশ্রণ ঢেলে রাবার স্ট্যাম্পে ছাপ দিয়ে বিতরণকৃত খাদ্যশস্যের বস্তায় স্টেনসিল মার্ক প্রদান করতে হবে;

(৪) স্টেনসিলটিতে নমুনা অনুযায়ী **"বিতরণকৃত"** শব্দটির অক্ষরসমূহ ২ সে.মি এবং তার নিচে **"এলএসডির নাম", "খাতের নাম"** ও **"সন"** ১.৫ সে.মি হতে হবে;

(৫) সরকারি গুদাম হতে বিতরণকৃত খাদ্যশস্যের বস্তায় **"বিতরণকৃত"** স্টেনসিল মার্ক প্রদান কার্যক্রমে প্রয়োজনীয় স্টেনসিল সরঞ্জামাদি ও রং বা অমোচনীয় কালি ক্রয় বাবদ যাবতীয় ব্যয় কোড নং-৩২৫৫১০৪-স্ট্যাম্প ও সিল খাত থেকে সরকারি বিধি মোতাবেক ব্যয় নির্বাহ করা হবে। চলতি ২০২০-২১ অর্থ বছরের স্বাভাবিক ব্যয় নির্বাহের জন্য এলএসডি কার্যালয় এবং সিএসডি কার্যালয়সমূহের অনুকূলে উক্ত কোডে বাজেট সংস্থান রয়েছে;


(৬) সরকারি গুদাম হতে বিতরণকৃত খাদ্যশস্যের বস্তায় খাতভিত্তিক 'বিতরণকৃত' সিল প্রদানের জন্য একটি এলএসডি/সিএসডির জন্য বছরভিত্তিক (Calender year) প্রয়োজনীয় সংখ্যক খাতভিত্তিক সিল তৈরি করতে হবে। তবে এলএসডি/সিএসডি'র কাজের পরিধি অনুসারে সিলের সংখ্যা কম/বেশি হতে পারে;

(৭) স্টেনসিল প্রদান কাজ **"শ্রম হস্তার্পণ ঠিকাদার দ্বারা নিয়োজিত শ্রমিকদের দ্বারা"** পূর্ব নির্ধারিত কাজের অতিরিক্ত কাজ হিসেবে এ কাজ সংযুক্ত করে সম্পাদনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ কাজের জন্য সরকার নির্ধারিত ব্যয় প্রদান করা হবে, যা খাদ্য মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে পরবর্তীতে জানানো হবে; সেক্ষেত্রে উক্ত ব্যয় কোড নং-৩২৫৪১০৬-খাদ্য খালাস ব্যয় খাত হতে নির্বাহ করতে হবে; শ্রমিকদের মজুরি পরিশোধ সংক্রান্ত বিল সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রকগণ মনিটরিং করবেন; এ কাজে নিয়োজিত শ্রমিককে অবশ্যই অক্ষর জ্ঞান সম্পন্ন হতে হবে;

চলমান পাতা-২

(৮) নিম্মোক্ত নমুনা মোতাবেক স্টেনসিল তৈরি করতে হবে, নিম্নে স্টেনসিলের খাতভিত্তিক ২টি নমুনা প্রদান করা হলো:

**সিল প্রদানের পর**







(৯) নমুনায় প্রদত্ত দুটি খাত ছাড়াও অন্যান্যখাত যেমন- ওএমএস, বিশেষ ওএমএস, ভিজিডি, জিআর, পুলিশ রেশন, বিজিবি রেশন, সেনাবাহিনী, কাবিখাসহ আরও অন্যান্য খাতভিত্তিক **"বিতরণকৃত"** স্টেনসিল তৈরি করতে হবে (পরিশিষ্ট-ক);

(১০) এলএসডি/সিএসডি হতে খাদ্যশস্য বিতরণকালে খাতভিত্তিক **"বিতরণকৃত"** স্টেনসিল প্রদান না করলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

(সারোয়ার মাহমুদ)
মহাপরিচালক
খাদ্য অধিদপ্তর, ঢাকা।

বিতরণ: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জেষ্ঠ্যতার ভিত্তিতে নহে)।

১। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। মাননীয় মন্ত্রীর অবগতির জন্য;
৪। পরিচালক, প্রশাসন/সরবি/চসসা/হিসাব ও অর্থ/সংগ্রহ/পউকা/প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
৫। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/সিলেট;
৬। প্রধান মিলার, পোস্তগোলা সরকারি আধুনিক ময়দা মিল, পোস্তগোলা, ঢাকা;
৭। সাইলো অধীক্ষক, চট্টগ্রাম/নারায়নগঞ্জ/সান্তাহার/আশুগঞ্জ/মোংলা/স্টিল সাইলো, খুলনা;
৮। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা (পরিপত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।);
৯। জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল), ……………………………………………………………………;
১০। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (খাদ্য), চট্টগ্রাম/খুলনা;
১১। ব্যবস্থাপক/এসএন্ডএমও/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল) ……………………………………;
১২। ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল)…………………………………………………………………;